# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৬৩২

পর্ব-২৮: সৃষ্টির সূচনা ও কিয়ামতের বিভিন্ন অবস্থা (كتاب أَحْوَال الْقِيَامَة وبدء الْخلق)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - জান্নাত ও জান্নাতবাসীদের বিবরণ

## اَلْفصْلُ الثَّنِفْ (بَاب صفةالجنة وَأَهْلهَا)

আরবী

وَعَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنَّ فِي الْجَنَّةِ مِائَةَ دَرَجَةٍ مَا بَيْنَ كُلِّ دَرَجَتَيْنِ مِائَةُ عَامٍ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ

صحيح ، رواه الترمذی (2529) ـ
(صَحِيح)

বাংলা

৫৬৩২-[২১] উক্ত রাবী [আবূ হুরায়রাহ্ (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: জান্নাতের একশতটি স্তর আছে, প্রত্যেক দুই স্তরের মধ্যে একশত বছরের দূরত্ব। [ইমাম তিরমিযী (রহিমাহুল্লাহ) হাদীসটি বর্ণনা করেছেন এবং তিনি বলেছেন, হাদীসটি হাসান গরীব]

ফুটনোট

সহীহ: তিরমিযী ২৫২৯, সিলসিলাতুস্ সহীহাহ্ ৯২২, সহীহুল জামি ৪২৪৫, সহীহ আত্ তারগীব ওয়াত তারহীব ৩৭১০, মুসনাদে আহমাদ ৭৯১০।

ব্যাখ্যা

ব্যাখ্যা: মুহাদ্দিগণ বলেন, এখানে স্তর দ্বারা উদ্দেশ্য হলো উঁচু স্তর বা মর্যাদা আর আল্লাহ রাব্বুল ‘আলামীন কুরআনে উল্লেখ করেছেন, (...دَرَجٰتٌ عِنۡدَ رَبِّهِمۡ...) “..তাদের জন্য তাদের রবের নিকট উঁচু মর্যাদা রয়েছে...”- (সূরা আল আনফাল ৮ : ৪)।
আর এই মর্যাদা প্রতিটি মু'মিন তাদের ‘আমল অনুপাতে লাভ করবে। যেমনিভাবে, জাহান্নামীরাও জাহান্নামের

বিভিন্ন স্তর লাভ করবে তাদের পাপাচার ও কুফরীর কারণে। আর এটার প্রতি আল্লাহ কুরআনে ইঙ্গিত করেছেন, (اِنَّ الْمُنٰفِقِیْنَ فِی الدَّرْکِ الْاَسْفَلِ مِنَ النَّارِ...) “আর মুনাফিকরা জাহান্নামের সবচেয়ে নিচু স্তরে প্রবেশ করবে”- (সূরা আন্ নিসা ৪ : ১৪৫)। (তুহফাতুল আহ্ওয়াযী হা. ২৫২৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85608

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন